

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পৌর-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

নং- ৪৬.০০.০০০০.০৬৩.৩৪.০০১.১২-৬৪৮

তারিখঃ ০২ জ্যৈষ্ঠ ১৪৩১  
১৬ মে ২০২৪

বিষয়ঃ যশোর জেলার বেনাপোল পৌরসভার সীমানা সম্প্রসারণ প্রসঙ্গে।

সূত্র: (১) যশোর জেলার বেনাপোল পৌরসভার স্মারক নং-১০৪, তারিখ: ১৮ এপ্রিল ২০২৪খ্রি.।

(২) এ বিভাগের স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৩.৩৪.০০১.১২-৩০২, তারিখ: ০৬ মার্চ ২০২৪খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে, যশোর জেলার বেনাপোল পৌরসভার সীমানা সম্প্রসারণের প্রস্তাব বিবেচনার জন্য স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এবং পৌর এলাকার সীমানা পরিবর্তন (সম্প্রসারণ ও সংকোচন) বিধিমালা, ২০১৬ অনুযায়ী নিম্নোক্ত তথ্য প্রয়োজন:


- (১) প্রস্তাবিত এলাকার অকৃষি পেশায় নিয়োজিত ব্যক্তির শতকরা হার;
- (২) প্রস্তাবিত এলাকার অকৃষি প্রকৃতির ভূমির শতকরা হার;
- (৩) প্রস্তাবিত এলাকার জনসংখ্যার ঘনত্ব;
- (৪) প্রস্তাবিত এলাকার দাগ নম্বরসমূহ পরস্পর সংযুক্ত ও পৌরসভার সংলগ্ন কিনা;
- (৫) প্রস্তাবিত এলাকার স্থানীয় আয়ের উৎস, অর্থনৈতিক গুরুত্ব এবং অবকাঠামোগত সুবিধাদির বিবরণ;
- (৬) প্রস্তাবিত এলাকা সেনানিবাস বহির্ভূত কিনা;
- (৭) স্কেচ ম্যাপ (A-4 সাইজ কাগজে বিদ্যমান পৌরসভার এলাকা ও সম্প্রসারণের জন্য প্রস্তাবিত এলাকা এবং সংশ্লিষ্ট জেলা/উপজেলায় সেনানিবাস থাকলে তার অবস্থান পৃথক কালি দ্বারা চিহ্নিত হতে হবে); এবং
- (৮) নিম্নোক্ত ছক অনুযায়ী প্রস্তাবিত এলাকার তফসিল (সফট কপিসহ)

ক্রমিক নং	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে এল নং	দাগ নং
১	২	৩	৪	৫

২। যশোর জেলার বেনাপোল পৌরসভার সীমানা সম্প্রসারণের বিষয়ে উপরোল্লিখিত তথ্য প্রেরণের জন্য ২নং সূত্র স্মারকে অনুরোধ জানানো হয়েছিল। কিন্তু বর্ণিত বিষয়ে জেলা প্রশাসক, যশোর এর নিকট হতে কোন তথ্য পাওয়া যায়নি।

৩। এমতাবস্থায়, যশোর জেলার বেনাপোল পৌরসভার সীমানা সম্প্রসারণের বিষয়ে উপরোল্লিখিত তথ্য প্রেরণের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।



মোঃ আব্দুর রহমান  
উপসচিব

ফোন: +৮৮০২৯৫১৪১৪২

ইমেইল: [lgpaura1@lgd.gov.bd](mailto:lgpaura1@lgd.gov.bd)

জেলা প্রশাসক  
যশোর।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. মেয়র, বেনাপোল পৌরসভা, যশোর।
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৬. অফিস কপি